কুমিল্লা বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সৃজনশীল

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶ শাপলা লিমিটেড-এর খতিয়ান উদ্বৃত্ত থেকে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিচের রেওয়ামিলটি প্রস্তুত করা হয়েছে—

শাপলা লিমিটেড
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের
রেওয়ামিল

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৩৫,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৫০,০০০
যন্ত্রপাতি	২,৫০,০০০	
প্রারম্ভিক মজুদ	৩০,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয়	৩,৫০,০০০	৪,৫০,০০০
পণ্য ফেরত	১০,০০০	১৫,০০০
মজুরি খরচ	২০,০০০	
অফিস খরচ	১০,০০০	
শেয়ার মূলধন (৪,০০০ শেয়ার)		৪,০০,০০০
বিলম্বিত বিজ্ঞাপন	৮,০০০	
প্রাপ্য হিসাব	৮০,০০০	
অনাদায়ী পাওনা	৩,০০০	
প্রদেয় হিসাব		৬৩,০০০
১০% বিনিয়োগ (১-১০-১৫)	১,২০,০০০	
সুনাম	৬২,০০০	
	৯,৭৮,০০০	৯,৭৮,০০০

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫০,০০০ টাকা, যার বাজারমূল্য ৫৪,০০০ টাকা। ২. প্রাপ্য হিসাবের মোট ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়; অবশিষ্ট টাকার ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। ৩. বিলম্বিত বিজ্ঞাপনের অর্ধাংশ অবলোপন করতে হবে। ৪. শেয়ার মূলধনের ওপর ২০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. অনাদায়ী পাওনা সঞ্চিতি বাবদ আয় বিবরণীতে কত টাকা চার্জ করা হবে? ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট চলতি সম্পত্তি ও মোট চলতি দায় নির্ণয় করো। ৪

২.▶ অংকুর লিমিটেডের নিম্নোক্ত রেওয়ামিল ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুত করা হয়েছে—

অংকুর লিমিটেড
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের
রেওয়ামিল

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২২,০০০	
বেতন	৩০,০০০	
ক্রয় ও বিক্রয়	৭৬,০০০	১,১৬,০০০
শেয়ার মূলধন		৩,০০,০০০
দালানকোঠা	২,০০,০০০	
১০% বিনিয়োগ (১-৩-১৫)	৫০,০০০	
আসবাবপত্র	১,০০,০০০	
ব্যাংক জমা	৩৬,০০০	
প্রাপ্য হিসাব	৩০,০০০	
প্রদেয় হিসাব		২৯,০০০
অফিস সরবরাহ	৩,০০০	
প্রাপ্য নোট	৫,০০০	
প্রদেয় নোট		১৭,০০০
ভাড়া (১০ মাস)	১০,০০০	
সাধারণ সঞ্চিতি তহবিল		১,০০,০০০
	৫,৬২,০০০	৫,৬২,০০০

অন্যান্য তথ্য : ১. ২৫-১২-২০১৫ তারিখে আগুনে বিনষ্ট পণ্য ১০,০০০ টাকা বাদ দেয়ার পর সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ৩০,০০০ টাকা। বিমা কোম্পানি বিনষ্ট পণ্যের ৬০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ২. অফিস সরবরাহের ৫০০ টাকা অব্যবহৃত রয়েছে। ৩. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. আগুনে বিনষ্ট মজুদ বাবদ কত টাকার ক্ষতি হিসাবভুক্ত করতে হবে? ২

খ. অংকুর লিমিটেড-এর মোট লাভ ৫৮,০০০ টাকা ধরে একটি আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩.▶ আগমনী ক্লাব-এর হিসাবের বইয়ের তথ্যাবলি থেকে নিচের প্রাপ্তি ও প্রদান হিসাব প্রস্তুত করা হয়েছে—

আগমনী ক্লাব
২০১৫ সারের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য
প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
প্রারম্ভিক নগদ তহবিল	৯,০০০	বেতন, ভাতা ও সম্মানী	২০,০০০
চাঁদা প্রাপ্তি:		১০% বিনিয়োগ (১-৪-১৫)	২৫,০০০
২০১৪ ৩,০০০		ছাপা ও মনিহারি	৬,৫০০
২০১৫ ৯০,০০০		খেলাধুলার সরঞ্জাম ক্রয়	১০,০০০
২০১৬ ২,৫০০	৯৫,৫০০	বিবিধ খরচ	৯,০০০
প্রবেশ ফি	২,৫০০	বার্ষিক ভোজ খরচ	১৮,০০০
লকার ভাড়া	৪,০০০	নাটক মঞ্চায়ন খরচ	২০,০০০
বার্ষিক ভোজের চাঁদা	২৫,০০০	আসবাবপত্র ক্রয়	১৫,০০০
		সমাপনী নগদ তহবিল	১২,৫০০
	১,৩৬,০০০		১,৩৬,০০০

অন্যান্য তথ্য : ১. ক্লাবের ৫০০ জন সদস্য আছে এবং প্রত্যেকে বার্ষিক ২০০ টাকা করে চাঁদা প্রদান করে। বিগত বছরের চাঁদা ২,০০০ টাকা এখনো বকেয়া রয়েছে। ২. ১-১-২০১৫ তারিখে ক্লাবের সম্পদ ও দায়সমূহ ছিল : আসবাবপত্র ৫০,০০০ টাকা, খেলাধুলার সরঞ্জাম ৬,০০০ টাকা, বকেয়া ভোজ খরচ ৩,০০০ টাকা। ৩. আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ নির্ণয় করো। ২

খ. আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪

৪.▶ অলক এবং অনিক একটি অংশীদারি ব্যবসায়ের দুইজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ ঃ ২ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন, মুনাফার অংশ এবং অলকের বেতন সমন্বয়ের পর তাদের মূলধন দাঁড়ায় যথাক্রমে ৮২,০০০ টাকা ও ৬৩,২০০ টাকা। পরবর্তীতে দেখা গেল মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধরা হয় নি। অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ১২,০০০ টাকা এবং ৭,৪০০ টাকা। এ উত্তোলনের ওপর সুদ ছিল ৬০০ টাকা এবং ৩৭০ টাকা। অলকের বার্ষিক বেতন ৭,২০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের লাভ ৩৫,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

৫.▶ লোটাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো—

আর্থিক অবস্থার বিবরণী

দায়সমূহ	২০১৪ টাকা	২০১৫ টাকা	সম্পদসমূহ	২০১৪ টাকা	২০১৫ টাকা
প্রদেয় হিসাব	৮,৫০০	৭,০০০	নগদ তহবিল	৬,৭০০	৯,০০০
অবচয় সঞ্চিতি	৪,০০০	৫,৫০০	প্রাপ্য হিসাব	১২,০০০	১১,৫০০
বন্ধকি ঋণ	১০,০০০	৫,০০০	মজুদ পণ্য	৩২,৫০০	৩৩,০০০
শেয়ার মূলধন	৪০,০০০	৫০,০০০	অগ্রিম ব্যয়	৮০০	১,০০০
শেয়ার অধিহার		২,০০০	সরঞ্জাম	২১,০০০	২৮,০০০
অবণ্টিত মুনাফা	১০,৫০০	১৩,০০০			
	৭৩,০০০	৮২,৫০০		৭৩,০০০	৮২,৫০০

অন্যান্য তথ্য : ১. নিট আয় ১২,৫০০ টাকা। ২. সরঞ্জামের অবচয় খরচ ২,৫০০ টাকা। ৩. সম্পূর্ণ অবচিত সরঞ্জামটির ক্রয়মূল্য ছিল ১,০০০ টাকা। ৪. বন্ধকি ঋণের অর্ধেক পরিশোধ করা হয়েছে।

ক. ২০১৫ সালের ক্রয়কৃত সরঞ্জামের মূল্য নির্ণয় করো। ২

খ. পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে পরিচালন কার্যাবলির নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে সমাপনী নগদ তহবিল নির্ণয় করো। ৪

৬.▶ জোনাকি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি মূলধন সংগ্রহের উদ্দেশ্যে প্রতিটি ১১০ টাকা করে ৪০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করে। সর্বমোট ৪৫,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ৪০,০০০ শেয়ার যথারীতি বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো। শেয়ারপ্রতি ০.৮০ টাকা করে অবলেখকের কমিশন এবং ০.৪০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ কত? ২

খ. কোম্পানির বইতে জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির উদ্বর্তপত্র প্রস্তুত করো। ৪

৭.▶চৈতালী লি.-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিভিন্ন তথ্য দেয়া হলো—

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
শেয়ার মূলধন	২,০০,০০০	দালানকোঠা	১,০০,০০০
সংরক্ষিত আয়	৪০,০০০	আসবাবপত্র	৮০,০০০
৫% ঋণপত্র	৫০,০০০	যন্ত্রপাতি	৯০,০০০
প্রদেয় হিসাব	৩৮,০০০	সমাপনী মজুদ পণ্য	৩৫,০০০
ব্যাংক জমাতিরিক্ত	২০,০০০	প্রাপ্য হিসাব	২৫,০০০
		নগদ জমা	১৮,০০০

১. প্রারম্ভিক মজুদ পণ্য ২০,০০০ টাকা। ২. বিক্রয় ৩,০০,০০০ টাকা। ৩. বিক্রয়ের ওপর মোট লাভের হার ২৫%।

ক. চলতি অনুপাত নির্ণয় করো। ২

খ. মজুদ আবর্তন অনুপাত এবং প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

গ. ত্বরিত অনুপাত এবং কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় করো। ৪

৮.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের অজন্তা প্রেস লি.-এর ব্যয় তথ্য দেয়া হলো—

হিসাবের নাম	টাকা
ব্যবহৃত কাঁচামাল	৫০,০০০
অর্ধসমাপ্ত পণ্য (১-১-২০১৫)	৫,২০০
অর্ধসমাপ্ত পণ্য (৩১-১২-২০১৫)	৬,৫০০
প্রস্তুতকৃত পণ্য (১-১-২০১৫)	১২,০০০
প্রস্তুতকৃত পণ্য (৩১-১২-২০১৫)	৮,৫০০
প্রত্যক্ষ মজুরি ২৪,০০০ ঘণ্টা, প্রতি ঘণ্টা ২ টাকা হারে।	
প্রত্যক্ষ খরচ	৮,২০০
পরোক্ষ কাঁচামাল	৪,২০০
কারখানার সরবরাহকৃত বিবিধ দ্রব্য	৪,৫০০
পরোক্ষ শ্রম	৯,০০০
কারখানার বিবিধ খরচ	৭,০০০
প্রশাসনিক খরচ	১৫,০০০
বিক্রয় খরচ	১০,০০০

মুনাফা বিক্রয়ের ওপর ২০%

ক. মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. মুখ্য ব্যয় দিয়ে আরম্ভ করে ব্যয় বিবরণীর মাধ্যমে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

৯.▶ যতীন লিমিটেড-এর তথ্যসমূহ নিম্নরূপ ছিল—

হিসাবের নাম	টাকা
বিক্রয়	৮,০০,০০০
স্থায়ী ব্যয় বিক্রয়ের	২০%
পরিবর্তনশীল ব্যয় বিক্রয়ের	৫০%

ক. মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কন্ট্রিবিউশন মার্জিন এবং মুনাফা নির্ণয় করো। ৪

গ. সমচ্ছেদ বিক্রয় এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. ক. অনাদায়ী পাওনা সঞ্চিতি বাবদ চার্য করতে হবে ৩,৬৫০ টাকা। খ. নিট মুনাফা ৮০,৩৫০ টাকা। গ. মোট চলতি সম্পদ ১,৫৭,৩৫০ টাকা এবং মোট চলতি দায় ১,৯৩,০০০ টাকা।

২. ক. আগুনে বিনষ্ট বাবদ ৪,০০০ টাকা ক্ষতি হিসাবভুক্ত হবে। খ. নিট মুনাফা ৩,৬৬৭ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৫১,৬৬৭ টাকা।

৩. ক. চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ ১০,০০০ টাকা। খ. ব্যয়াতিরিক্ত আয় ৬০,৩৭৫ টাকা। গ. প্রারম্ভিক মূলধন তহবিল ৬৭,০০০ টাকা।

৪. ক. প্রারম্ভিক মূলধন : অলক ৬৫,৮০০ টাকা এবং অনিক ৫৬,৬০০ টাকা। খ. বণ্টনযোগ্য ক্ষতির অংশ : অলক ৬,৭৬২ টাকা ও অনিক ৪,৫০৮ টাকা। গ. সমাপনী মূলধনের উদ্বৃত্ত : অলক ৮১,২১৮ টাকা এবং অনিক ৬৩,৯৮২ টাকা।

৫. ক. ক্রয়কৃত সরঞ্জামের মূল্য ৮,০০০ টাকা। খ. পরিচালন কার্যাবলি হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ১৩,৩০০ টাকা। গ. নিট নগদ বৃদ্ধি ২,৩০০ টাকা।

৬. ক. অবলেখকের কমিশন ৩২,০০০ টাকা এবং ব্যাংক চার্জ ১৬,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৯৯,৪৮,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৪,০০,০০০ টাকা।

৭. ক. চলতি অনুপাত ১.৩৪ ঃ ১। খ. মজুদ আবর্তন অনুপাত ৮.১৮ বার এবং প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত ১২ বার। গ. ত্বরিত অনুপাত ১.১৩ ঃ ১ এবং কার্যকরী মূলধন অনুপাত ০.৩৪ ঃ ১

৮. ক. মুখ্য ব্যয় ১,০৬,২০০ টাকা। খ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৩৩,১০০ টাকা। গ. নিট মুনাফা ৩৯,৫২৫ টাকা।

৯. ক. মোট ব্যয় ৫,৬০,০০০ টাকা। খ. কন্ট্রিবিউশন মার্জিন ৪,০০,০০০ টাকা এবং মুনাফা ২,৪০,০০০ টাকা। গ. সমচ্ছেদ বিক্রয় ৩,২০,০০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত ৪,৮০,০০০ টাকা।

হিসাববিজ্ঞান: দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৫৪

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. কোনটি কালীন ব্যয়?
ক প্রত্যক্ষ কাঁচামাল খ প্রত্যক্ষ মজুরি
গ প্রত্যক্ষ খরচ ঘ বিক্রয়কর্মীর বেতন

২. অনুদান প্রান্ত হচ্ছে—
i. বিক্রয় হতে পরিবর্তনশীল ব্যয় বাদ দেয়ার পর প্রাপ্ত অর্থ
ii. বিক্রয় হতে স্থির ব্যয় বাদ দেয়ার পর প্রাপ্ত অর্থ
iii. স্থায়ী খরচ ও মুনাফার সমষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩-৫ নং প্রশ্নের উত্তর দাও।
শাহীন লিমিটেড-এর ২০১৫ সালের স্থায়ী খরচ ১,৮০,০০০ টাকা, পরিবর্তনশীল ব্যয় এককপ্রতি ২০ টাকা এবং বিক্রয় এককপ্রতি ৫০ টাকা। ঐ বছরে কোম্পানির বিক্রয়ের পরিমাণ ১০,০০০ একক।

৩. এককপ্রতি অনুদান প্রান্ত কত?
ক ২০ টাকা খ ৩০ টাকা
গ ৫০ টাকা ঘ ৭০ টাকা

৪. শাহীন লি.-এর সমচ্ছেদ বিক্রয় একক কত?
ক ৬,০০০ একক খ ৮,০০০ একক
গ ৯,০০০ একক ঘ ১০,০০০ একক

৫. কোম্পানির নিরাপত্তা প্রান্ত একক কত?
ক ৪,০০০ একক খ ৬,০০০ একক
গ ৯,০০০ একক ঘ ১০,০০০ একক

৬. সমচ্ছেদ বিন্দুতে ব্যয়-পরিমাণ-মুনাফার সম্পর্কের সমীকরণটি হলো—
i. বিক্রয় = মোট ব্যয়
ii. বিক্রয় = পরিবর্তনশীল ব্যয় + স্থায়ী ব্যয় + মুনাফা
iii. বিক্রয় = পরিবর্তনশীল ব্যয় + স্থায়ী ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক ii খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

৭. FOB-এর পূর্ণরূপ কী?
ক Free on Bill খ Free of Board
গ Free on Board ঘ Free of Bill

৮. তরল অনুপাতের আদর্শমান কোনটি?
ক ২ঃ১ খ ১ঃ২ গ ১ঃ১.৫ ঘ ১ঃ১

৯. প্রচুর মুনাফা সত্ত্বেও নগদ ঘাটতির কারণ অতিরিক্ত—
i. ধারে বিক্রয় ii. অফিস খরচ
iii. মজুদ পণ্য
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. ব্যাংকিং ব্যবসায়ের উদ্দেশ্যে গঠিত প্রাইভেট কোম্পানিতে সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ক ২ জন খ ৭ জন
গ ১০ জন ঘ ২০ জন

১১. কোনটি অপরিচালন ব্যয়?
ক ভাড়া খরচ খ অফিস বেতন
গ আমদানি শুল্ক ঘ সুদ

১২. মূলধন তহবিল থেকে কোনটি বিয়োগ করা হয়?
ক আয়াতিরিক্ত ব্যয় খ সমাপনী নগদ উদ্বৃত্ত
গ মোট আয় ঘ চাঁদা

১৩. প্রাপ্তি ও প্রদান হিসাবে কোনটি অন্তর্ভুক্ত হয়?
ক মূলধন জাতীয় প্রাপ্তি ও প্রদান
খ মুনাফা জাতীয় প্রাপ্তি ও প্রদান
গ মূলধন ও মুনাফা জাতীয় আয়-ব্যয়
ঘ সকল নগদ প্রাপ্তি ও নগদ প্রদান

১৪. একটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট দিকে বিনিয়োগের সুদ দেয়া আছে বার্ষিক ১৬% হারে ২,৪০০ টাকা। ক্রেডিট দিকে কোনো বিনিয়োগ নেই। প্রারম্ভিক বিনিয়োগ কত?
ক ১৫,০০০ টাকা খ ২৫,০০০ টাকা
গ ৩২,০০০ টাকা ঘ ৪৮,০০০ টাকা

১৫. কোনটি বিশেষ তহবিল নয়?
ক বৃত্তি তহবিল খ মূলধন তহবিল
গ ত্রাণ তহবিল ঘ ক্রীড়া তহবিল

১৬. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী?
ক মূলধন খ সহজ গঠন
গ চুক্তি ঘ নিবন্ধন

১৭. মাসের শুরুতে উত্তোলন করলে উত্তোলনের ওপর কত মাসের সুদ ধরতে হয়?
ক ৫.৫ খ ৬ গ ৬.৫ ঘ ১২

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
রাফিদ ও রাকিন একটি অংশীদারি কারবারের অংশীদার। তাদের প্রারম্ভিক মূলধন ছিল যথাক্রমে ১,৬০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা। তারা মূলধনের ওপর ১০% সুদ ধার্য করে। রাফিদ কারবার পরিচালনায় অংশগ্রহণ করে না।

১৮. রাফিদ কী ধরনের অংশীদার?
ক নামমাত্র অংশীদার খ নিষ্ক্রিয় অংশীদার
গ সাধারণ অংশীদার ঘ প্রতিবন্ধ অংশীদার

১৯. কারবারের মূলধনের সুদ কত?
ক ১,৫০০ টাকা খ ১৫,০০০ টাকা
গ ১৬,০০০ টাকা ঘ ৩১,০০০ টাকা

২০. আন্তর্জাতিক হিসাব মান-৭ অনুযায়ী কোন বিবরণী প্রস্তুত করা হয়?
ক আয় বিবরণী খ সংরক্ষিত আয় বিবরণী
গ নগদ প্রবাহ বিবরণী ঘ উদ্বর্তপত্র

২১. ইরারা লি.-এর নিট লাভ ১২,০০০ টাকা, প্রাপ্য হিসাব বৃদ্ধি ২,০০০ টাকা, বিনিয়োগ বিক্রয়জনিত লাভ ৫০০ টাকা, স্থায়ী সম্পত্তির অবচয় ১,৫০০ টাকা। ইরারা লি.-এর পরিচালন কর্মকাণ্ড হতে নগদ প্রবাহের পরিমাণ কত?
ক ১১,০০০ টাকা খ ১২,০০০ টাকা
গ ১৩,৫০০ টাকা ঘ ১৫,৫০০ টাকা

২২. শেয়ারের ওপর প্রাপ্ত আয়কে কী বলা হয়?
ক সুদ খ কমিশন
গ লভ্যাংশ ঘ দালালি

২৩. BSEC-এর পূর্ণরূপ কী?
ক) Bangladesh Social Economic Council
খ) Bangladesh Security and Exchange Commission
গ) Bangladesh Socio Economic Committee
ঘ) Bangladesh Sales and Exchange Commission

২৪. মিস্ ইতু প্রতিটি ১৫০ টাকা করে ১০০ টাকা মূল্যের ১০০টি শেয়ার ক্রয় করলেন। মিস্ ইতুর দায় কত টাকা পর্যন্ত সীমাবন্ধ?
ক) ৫,০০০ টাকা   খ) ১০,০০০ টাকা
গ) ১৫,০০০ টাকা   ঘ) ২৫,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
দিশা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। প্রতি শেয়ার ১২ টাকা করে ৪০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য ইস্যু করে। জনগণ ৩০,০০০ শেয়ারের জন্য আবেদন করে।

২৫. কোম্পানির বিলিকৃত মূলধন কত?
ক) ৩,০০,০০০ টাকা   খ) ৩,৬০,০০০ টাকা
গ) ৪,০০,০০০ টাকা   ঘ) ৪,৮০,০০০ টাকা

২৬. কোম্পানির শেয়ার অধিহার কত?
ক) ৬০,০০০ টাকা   খ) ৮০,০০০ টাকা
গ) ১,০০,০০০ টাকা   ঘ) ৩,৬০,০০০ টাকা

২৭. নিট লাভের ফলে—
i. মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়
ii. সম্পদ বৃদ্ধি পায়
iii. মালিকানা স্বত্ব অপরিবর্তিত থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) i ও ii
গ) i, ii ও iii   ঘ) iii

২৮. ট্রেডমার্ক হচ্ছে ব্যবসায়ের—
i. স্থায়ী সম্পদ   ii. অস্পর্শনীয় সম্পদ
iii. অলীক সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) ii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii
* সঠিক উত্তর: i ও ii

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
রাকী লি. ১ জানুয়ারি ২০১৫ তারিখে ৪০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি আছে। কোম্পানি ১ জুলাই, ২০১৫ তারিখে আরও ২০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি ক্রয় করে। এ যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা। কোম্পানি ১০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে। প্রতি বছর কোম্পানির আর্থিক হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর।

২৯. ২০১৫ সালে যন্ত্রপাতির অবচয় কত?
ক) ১,৫০০ টাকা   খ) ৪,০০০ টাকা
গ) ৫,১০০ টাকা   ঘ) ৬,২০০ টাকা

৩০. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে যন্ত্রপাতির পুস্তকমূল্য কত?
ক) ৫৬,০০০ টাকা   খ) ৫৬,৯০০ টাকা
গ) ৫৮,০০০ টাকা   ঘ) ৬০,০০০ টাকা

৩১. নিচের কোনটি চলতি সম্পদ?
ক) দেনাদার   খ) সুনাম
গ) আসবাবপত্র   ঘ) ট্রেডমার্ক

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
করিম লি.-এর আর্থিক বিবরণীর কয়েকটি দফা নিম্নরূপ: বিক্রয় ২,০০,০০০ টাকা, মোট আয় ৮০,০০০ টাকা, নিট আয় ৪০,০০০ টাকা ও দেনাদার ৪০,০০০ টাকা।

৩২. নিট আয়ের হার কত?
ক) ১৫%   খ) ১৭%
গ) ১৭.৭৮%   ঘ) ২০%

৩৩. দেনাদার আবর্তন অনুপাত কত?
ক) ৩ বার   খ) ৪ বার
গ) ৫ বার   ঘ) ৬ বার

৩৪. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হচ্ছে—
i. ব্যয় নির্ণয়   ii. ব্যয় হ্রাস
iii. ব্যয় নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) ii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
ঋতু লিমিটেড ঔষধ উৎপাদনে নিয়োজিত। কোম্পানির ব্যবহৃত কাঁচামাল ২,০০,০০০ টাকা, মজুরি ৮০,০০০ টাকা এবং কারখানার উপরিখরচ মজুরির ৫০%।

৩৫. কোম্পানির মুখ্য ব্যয় কত?
ক) ২,০০,০০০ টাকা   খ) ২,৪০,০০০ টাকা
গ) ২,৮০,০০০ টাকা   ঘ) ৩,২০,০০০ টাকা

৩৬. কোম্পানির কারখানা ব্যয় কত?
ক) ২,০০,০০০ টাকা   খ) ২,৪০,০০০ টাকা
গ) ২,৮০,০০০ টাকা   ঘ) ৩,২০,০০০ টাকা

৩৭. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ের সূত্রটি হচ্ছে—
i. বিক্রয় - মোট আয়
ii. বিক্রয় - ক্রয়
iii. ক্রয় + প্রারম্ভিক মজুদ - সমাপ্তি মজুদ
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) ii
গ) i ও ii   ঘ) i ও iii

৩৮. আধা-পরিবর্তনশীল ব্যয় কোনটি?
ক) ভাড়া খরচ   খ) টেলিফোন খরচ
গ) অফিস খরচ   ঘ) অবচয় খরচ

৩৯. ১/১৫, নিট/৪৫ দ্বারা বোঝায়—
i. ১৫ দিনের মধ্যে পাওনা শোধ দিলে ১% বাট্টা পাবে
ii. ৪৫ দিনের মধ্যে পাওনা শোধ দিলে ১% বাট্টা পাবে
iii. ৪৫ দিনের মধ্যে অবশ্যই পাওনা দিতে হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৪০. কখন এককপ্রতি স্থির ব্যয় বৃদ্ধি পায়?
ক) যদি উৎপাদনের পরিমাণ হ্রাস পায়
খ) যদি বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়
গ) যদি কাঁচামালের মূল্য বৃদ্ধি পায়
ঘ) যদি শ্রমের মূল্য বৃদ্ধি পায়

উত্তরমালা

১	ঘ	২	ঘ	৩	খ	৪	ক	৫	ক	৬	গ	৭	গ	৮	খ	৯	গ	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	ঘ	১৪	ক	১৫	ঘ	১৬	গ	১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	গ
২১	ক	২২	গ	২৩	খ	২৪	খ	২৫	ক	২৬	ক	২৭	ক	২৮	*	২৯	গ	৩০	খ	৩১	ক	৩২	ঘ	৩৩	গ	৩৪	ঘ	৩৫	গ	৩৬	ঘ	৩৭	ঘ	৩৮	খ	৩৯	খ	৪০	ক